

৯৫

খুলনা জেলা ইনোভেশন টিমের ২০১৬ সালের বাৎসরিক প্রতিবেদন

ক্রমণং	বিবেচ্য বিষয়	বিবরণ
০১।	ইনোভেশন টিম হালনাগাদকরণ	মন্ত্রিপরিষদ বিভাগের ০৮-০৪-২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ নং প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক ইতোপূর্বে গঠিত 'খুলনা জেলা ইনোভেশন টিম' গত ০৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ৫৬.৪৪.৪৭০০.০৩২.১৬.০০১.১৬-৩০৩ নং স্মারকে হালনাগাদ করা হয়েছে।
০২।	মাসিক সভা আয়োজন	২০১৬ সালে জানুয়ারি-ডিসেম্বর পর্যন্ত মোট ১২ ইনোভেশন টিমের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। ১২টি সভা আয়োজনের তারিখ যথাক্রমেঃ ক) জানুয়ারি: ১৪ জানুয়ারি ২০১৬; খ) ফেব্রুয়ারি: ১১ ফেব্রুয়ারি ২০১৬; গ) মার্চ: ২৪ মার্চ ২০১৬; ঘ) এপ্রিল: ২৬ এপ্রিল ২০১৬; ঙ) মে: ২২ মে ২০১৬; চ) জুন: ২২ জুন ২০১৬; ছ) জুলাই: ১৬ জুলাই ২০১৬; ঞ) আগস্ট: ২২ আগস্ট ২০১৬; ট) সেপ্টেম্বর: ১৮ সেপ্টেম্বর ২০১৬; ঠ) অক্টোবর: ২০ অক্টোবর ২০১৬; ড) নভেম্বর: ২০ নভেম্বর ২০১৬; ঢ) ডিসেম্বর: ১৮ ডিসেম্বর ২০১৬;
০৩।	ইনোভেশন প্রতিবেদন প্রেরণ	খুলনা জেলায় ইনোভেশন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের তথ্য প্রতিবেদন এবং পাইলট প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয়ের কার্যালয়ে নির্ধারিত ছকে নিয়মিতভাবে প্রেরণ করা হয়েছে।
০৪।	২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন	খুলনা জেলা ইনোভেশন টিম কর্তৃক প্রণীত ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া, জনসেবায় উদ্ভাবন সৃষ্টির লক্ষ্যে সকল সরকারি অফিসে 'সকলের জন্য ইনোভেশন, সকলকে নিয়ে ইনোভেশন' এর আওতায় 'One Office One Idea' শীর্ষক কর্মপরিকল্পনা/আইডিয়া গ্রহণ করা হয়েছে।
০৫।	উপজেলা ইনোভেশন কার্যক্রম মনিটরিং	খুলনা জেলাধীন ৯টি উপজেলায় মোট ৯টি 'উপজেলা ইনোভেশন টিম' রয়েছে। জেলা ইনোভেশন টিম কর্তৃক উপজেলা ইনোভেশন টিমের কার্যক্রম মনিটরিং করা হয়। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করা হয়েছে।
০৬।	ইনোভেশন সার্কেল আয়োজন	খুলনা জেলায় জুলাই/২০১৬ মাসে 'খুলনা জেলা ইনোভেশন সার্কেল' আয়োজন করা হয়েছে।
০৭।	উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ	নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে জেলা প্রশাসন, খুলনা কর্তৃক ১৬টি উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া মাঠ পর্যায়ের কর্মকর্তাদের 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
০৮।	ক্যাসকেডিং সভা আয়োজন	সরকারি অফিসসমূহে উদ্ভাবনী আইডিয়া গ্রহণের জন্য উপজেলা পর্যায়ে ক্যাসকেডিং সভা করা হয়েছে।
০৯।	জনসেবায় প্রশাসন	সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে দ্রুত নাগরিক সেবা প্রদান করা হয়েছে। দ্রুত নাগরিক সেবা প্রদানের স্বীকৃতি স্বরূপ জেলা প্রশাসনকে এটুআই প্রোগ্রাম হতে সনদপত্র প্রদান করা হয়।
১০।	বিবিধ	সরকারের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম নিয়ে 'রূপান্তরের গল্প' প্রস্তুত করা হয়েছে।



